


বাংলাদেশ সুপ্রীম কোর্ট
আপীল বিভাগ, ঢাকা।

নং- ২৩১/২০১৬ এসসি(এডি)

তারিখঃ ০৭/০২/২০১৬ খ্রি.

প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ০৭ ফেব্রুয়ারী ২০১৬ খ্রি. তারিখে সুপ্রীম কোর্টের বিচারকার্য চলাকালীন সময়ে সুপ্রীম কোর্ট প্রাঙ্গনে অবসরপ্রাপ্ত বিচারপতি জনাব এ, এইচ, এম, শামসুদ্দিন চৌধুরী একটি প্রেস কনফারেন্স করেন যা ইলেকট্রনিক মিডিয়ার মাধ্যমে মাননীয় প্রধান বিচারপতির গোচরীভূত হয়। যদিও সুপ্রীম কোর্ট প্রাঙ্গণে এ ধরনের প্রেস কনফারেন্স নজিরবিহীন। মাননীয় প্রধান বিচারপতি আশা করেন, বর্তমান ও ভবিষ্যতে মাননীয় বিচারপতিবৃন্দ কোর্টের পবিত্রতা ও মর্যাদা বজায় রাখার স্বার্থে এরূপ কার্য হতে বিরত থাকবেন। প্রেস কনফারেন্সে অবসরপ্রাপ্ত বিচারপতি জনাব এ, এইচ, এম, শামসুদ্দিন চৌধুরী উল্লেখ করেন “আমার প্রিজাইডিং জজ, মাননীয় বিচারপতি জনাব মোঃ আবদুল ওয়াহ্‌হাব মিঞাকে আমার লেখা সমাপ্ত হওয়া রায় ও আদেশগুলো গ্রহণ করার অনুরোধ করলে তিনি অপরাগতা প্রকাশ করে বলেন যে, মাননীয় প্রধান বিচারপতির নির্দেশনা অনুসারে কোনো অবসরপ্রাপ্ত বিচারপতিদের লিখিত রায় ও আদেশ গ্রহণ করা যাচ্ছে না।” উক্ত বক্তব্য মাননীয় প্রধান বিচারপতির গোচরে আসলে মাননীয় প্রধান বিচারপতি সুপ্রীম কোর্টের আপীল বিভাগের জ্যেষ্ঠতম বিচারক বিচারপতি জনাব মোঃ আবদুল ওয়াহ্‌হাব মিঞার দৃষ্টি আকর্ষণ করলে তিনি মাননীয় প্রধান বিচারপতিকে অবহিত করেন যে, সাবেক বিচারপতি জনাব এ, এইচ, এম, শামসুদ্দিন চৌধুরী তাঁর কাছে লিখিত রায় কিংবা আদেশ গ্রহণ করার জন্য জমা দেননি। বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি আশা করেন যে, সাবেক বিচারপতি জনাব এ, এইচ, এম, শামসুদ্দিন চৌধুরী মিডিয়াতে মামলার রায় ও আদেশ সংক্রান্ত কোনোরূপ বক্তব্য না দিয়ে তাঁর নিকট যতগুলো অনিষ্পত্তিকৃত রায়ের মামলার ফাইল রয়েছে, তা সুপ্রীম কোর্টের রেজিস্ট্রার জেনারেলের অফিসে অতি সত্ত্বর ফেরত প্রদান করবেন, যাতে বিচারপ্রার্থীদের আর ভোগান্তি না হয়।

আদেশক্রমে

৭/২/১৬
(আবু সৈয়দ দিলজার হোসেন)
রেজিস্ট্রার জেনারেল (ভারপ্রাপ্ত)